গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

সেপ্টেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত কেশবপুর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : কাজী রফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

সভার তারিখ : ১৫-০৯-২০২২ খ্রিস্টাব্দ।

সময় : সকাল ১০:০০ টায়।

স্থান : সভাকক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর।

উপস্থিত সদস্যবৃন্দ : হাজিরা খাতায় সংরক্ষিত।

উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অংশগ্রহণকারী ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউপি চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন কার্যালয়ের দায়িত্বশীল কর্মকর্তাসহ সকল সদস্যদের শুভেচ্ছা ও স্বাগত জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমোদনক্রমে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান সারা দেশে এসএসসি, দাখিল, ভোকেশনাল পরীক্ষা শুরু হচ্ছে। পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষে সকলের সহযোগিতা কামনা করা হয়। তাছাড়া আগামী ০১/১০/২০২২ তারিখ হতে হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দূর্গাপূজা শুরু হবে। ধর্মীয় উৎসবটি সার্বজনীন ও উৎসবমূখর পরিবেশে উদযাপনের জন্য জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তাসহ সকলের সহযোগিতা কামনা করেন। শারদীয় দূর্গাপূজা উদযাপন হচ্ছে এমন মন্দিরগুলো সিসি ক্যামেরার আওতায় আনতে সহযোগিতার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। এছাড়া ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্য ও গ্রামপুলিশ সদস্যদের নিবীড় পর্যাবেক্ষণ এবং দায়িত্ব পালনের ব্যবস্থা গ্রহণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। তিনি সার্বিক বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।

এরপর গত মাসের কার্য বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত আহবান করা হলে সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত ও গৃহীত হয়।

অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নের বিষয়গুলো নিম্নরূপ:

আলোচ্য সূচি-২: ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা:

ক্রম.	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	উপজেলা প্রকৌশলীর জানান ২০২২-২৩ অর্থ বছরে রাজস্ব তহবিলের অব্যয়িত ৯৭,১৯,৫৪৬.৪৫ টাকা এবং সরকারি সাধারণ বরাদ্দ ১ম কিস্তিতে প্রাপ্ত ১৫ লক্ষ ৬২ হাজার এর ৪ গুন = ৬২,৪৮,০০০.০০ টাকা এবং ১০% অতিরিক্ত ৬,২৪,৮০০.০০ টাকা সর্বমোট= ১,৬৫,৯২,৩৪৬.৪৫ টাকার প্রকল্প গ্রহণ করার জন্য সকল জনপ্রতিনিধি, বিভাগীয় দপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে প্রকল্প তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়েছিল। সকল দপ্তর হতে এখনও প্রকল্প তালিকা পাওয়া যায়নি। দ্রুত পাওয়া যাবে মর্মে সভাকে আশ্বস্ত করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান বাজেট সীমাবদ্ধতার মধ্যে থেকে উন্নয়ন তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী সকল খাত ভিত্তিক প্রকল্প তালিকা প্রস্তুতপূর্বক বাছাই কমিটির সভায় উপস্থাপন, অনুমোদন এবং আগামী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২০২৩ অর্থ বছরে উন্নয়ন কাজ বাস্তবায়নের মালামাল ক্রয়ের নিমিত্ত হালনাগাদ মূল্য তালিকা পাওয়া গেছে। স্থানীয় চাহিদার প্রেক্ষিতে অনেক উন্নয়ন কাজ বাস্তবায়নের ক্ষেত্রে মূল্য তালিকায় দাম না থাকায় প্রাক্কলন তৈরীতে বিড়ম্বনার সৃষ্টি হয়। মূল্য তালিকা বহির্ভূত মালামাল ক্রয়ের ক্ষেত্রে স্থানীয় বাজার মূল্য সরেজমিন যাচাইপূর্বক দর উপস্থাপনের জন্য একটি কমিটি গঠন করা যায় মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে রেইট সিডিউল বহির্ভূত মালামালের প্রাক্কলন তৈরীর পূর্বে বাজারদর যাচাইপূর্বক দরনির্ধারণের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত ব্যক্তিদের সমন্বয়ে কমিটি গঠন করা হয়। ১। উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কেশবপুর, যশোর- আহবায়ক ২। চেয়ারম্যান, কেশবপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর- সদস্য ৩। চেয়ারম্যান, গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর- সদস্য ৪। সহকারি হিসাবরক্ষক, উপজেলা প্রকৌশল দপ্তর, কেশবপুর, যশোর- সদস্য	২০২২-২৩ অর্থ বছরে এডিপি (সাধারণ+রাজস্ব উদ্বৃত্ত) প্রাপ্ত বাজেটের সীমাবদ্ধতার মধ্যে থেকে উন্নয়ন তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী সকল খাত ভিত্তিক প্রকল্প তালিকা প্রস্তুতপূর্বক বাছাই কমিটির সভায় উপস্থাপন, অনুমোদন এবং আগামী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। রেইট সিডিউল বহিভূত মালামালের প্রাক্কলন প্রস্তুতির ক্ষেত্রে পার্শ্ববর্ণিত কমিটি কর্তৃক বাজারদর যাচাইপূর্বক দেয় দর নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর।

আলোচ্য সূচি-৩: বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:

ক্রম.	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান ১ম, ২য় এবং বুস্টার ডোজের টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। তাছাড়া ৫-১১ বছর বয়সী শিশুদের অতিদ্রুত টিকা প্রদান কার্যক্রম চালু হবে। সভা করে পরবর্তী নির্দেশনা জানানো হবে। টিকা কার্যক্রম গ্রাম পর্যায়ে প্রদান করা হবে। বর্তমানে ডেঙ্গু জ্বরের প্রকোপ বাড়ছে। কেশবপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি আছে। সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। তিনি আরো জানান হাসপাতাল চত্তরে পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না। জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান যে পানি নিষ্কাশনসহ কেশবপুর স্বাস্থ্য কমপ্লেক্সর ড্রেনেজ ব্যবস্থা গ্রহণের জন্য একটি কমিটি গঠন করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নলিখিত কমিটি গঠন করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। ১। নির্বাহী প্রকৌশলী, কেশবপুর পৌরসভা, কেশবপুর, যশোর- আহবায়ক ২। উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর-সদস্য ৩। উপ-বিভাগীয় প্রকৌশলী (পাউবো), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কেশবপুর- সদস্য ৪। উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), কেশবপুর, যশোর-সদস্য ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর-সদস্য সচিব	স্বাস্থ্য সেবার মান আরো বাড়াতে হবে। সরেজমিন পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দ্রুত কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, কেশবপুর ও গঠিত কমিটি
২	প্রাণি সম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান প্রাণিসম্পদ অফিসের মাঠটি বর্তমানে নিচু। সামান্য বর্ষা হলেই পানি জমে। চিকিৎসা সেবা নিতে আসা ব্যক্তিদের ভোগান্তির মধ্যে পড়তে হয়। মাঠটি ভরাট করার জন্য তিনি সভাপতির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।	প্রান্তিক পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
৩	কৃষি বিভাগ: উপজেলা কৃষি অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান ন্যায্য মূল্যে সার বিক্রয় কার্যক্রম তদারকির কাজ নিয়মিত করা হচ্ছে। কোন জায়গায় অনিয়মের অভিযোগ থাকলে সাথে সাথে অভিযান পরিচালনা করা হচ্ছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান আমন আবাদ চলমান আছে। এ বছর বৃষ্টিপাত অনেক কম। পাট কর্তন প্রায় শেষ পর্যায়ে। তবে মজিদপুর ইউনিয়নে দেউলি মাঠে ৩-৫ শতাংশ পাট কর্তন বাকি আছে। দ্রুত কর্তনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি সকল কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, কেশবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, কৃষির সকল উপকরণ প্রাপ্তিতে বর্তমানে শৃংখলা ফিরে এসেছে। কৃষক ন্যায্যমূল্যে সার ক্রয় করতে পারছে। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি কর্মকর্তা, উপ-সহকারি কৃষি কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। নিরলস পরিশ্রম এবং ব্যবস্থাপনায় সুষ্ঠুভাবে সার বিতরণ হচ্ছে।	মাঠ পর্যায়ে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা, কেশবপুর
	বিএডিসি: সহকারী প্রকৌশলী (নির্মাণ) ও সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি জানান যে, কেশবপুর উপজেলায় অগভীর নলকূপ স্কীমের আওতায় ৫৬ টি গভীর/অগভীর/এল.এল.পি নলকূপ স্কীমের আবেদন পাওয়া যায়। আবেদনগুলো উপজেলা ভূমি অফিস ও উপজেলা কৃষি বিভাগ সরেজমিন তদন্তপূর্বক প্রকৃত প্রাপ্যদের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনের আলোকে উপজেলা সেচ কমিটির ২৫/০৮/২০২২ তারিখের সভায় অনুমোদনযোগ্য ১২ টি আবেদন গৃহীত হয় এবং অবশিষ্ট ৪২ টি আবেদন অ-অনুমোদনযোগ্য বলে বিবেচিত হয়। এছাড়া ২ টি আবেদন নবায়ন এবং ১ টি আবেদন গভীর নলকূপ অনুমোদনযোগ্য বলে বিবেচিত হয়। এ বিষয়ে বিস্তাতি আলোচনা হয়।	উপজেলা সেচ কমিটির ২৫/০৮/২০২২ তারিখের সভার কার্যবিবরণী অনুমোদিত ও গৃহীত হয়।	সহকারী প্রকৌশলী (নির্মাণ) ও সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি, কেশবপুর, যশোর
৪	মৎস্য বিভাগ: সি: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান ২০২২-২০২৩ অর্থ বছরের আওতায় পোনা মাছ অবমুক্ত করা হবে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় পোনা মাছ অবমুক্ত কার্যক্রমের জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। বিভিন্ন জলাশয়েও মাছ অবমুক্ত করা হবে। যদি উপর্যুক্ত কোন জলাশয় থাকে তা হলে সেখানেও পোনামাছ অবমুক্ত করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	মৎস্য উৎপাদন বৃদ্ধিতে মৎস্য চাষীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।	সি: উপজেলা মৎস্য কর্মকর্তা
৫	সমাজ সেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান গত ১০/০৯/২০২২ তারিখে অনলাইনে প্রতিবন্ধি আবেদনের সময় শেষ হয়েছে। তবে জরিপ কার্যক্রম চলমান আছে। পর্যায়ক্রমে মাত্রার উপর নির্ভর করে সকল প্রতিবন্ধি ভাতার আওতায় আসবে। ভাতা প্রদানের জন্য কোন প্রকার আর্থিক লেনদেন করার প্রয়োজন নেই। তিনি আরো জানান অনেক ইউনিয়নে কিছু বিধবা নতুন করে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পরেও ভাতা পাচ্ছেন। তালিকা যাচাই বাছাই করে বাতিল করা প্রয়োজন। এজন্য সকল ইউনিয়ন পরিষদ হতে তথ্য প্রদানের	যাচাই বাছাই করে প্রকৃত ব্যক্তিদের ভাতার আওতায় আনতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কেশবপুর, যশোর

৬	প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান অনেক রাস্তা জরুরি ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। যে সকল রাস্তা জরুরি ভিত্তিতে সংস্কার/মেরামত করা প্রয়োজন সে সকল রাস্তার তালিকা বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। চেয়ারম্যান, গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ জানান যে শোলগাতিয়া টু চুকনগর রাস্তাটি আশু সংস্কার/ মেরামত করা প্রয়োজন। তিনি সংস্কার/মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান, বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ জানান যে, বাউশলা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে বাজার পর্যন্ত রাস্তাটি ঘেরের কারণে নষ্ট হয়ে গেছে। রাস্তাটি সংস্কার করা প্রয়োজন। তিনি সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে রাস্তাটি সংস্কার করার জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান, সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ জানান যে, বায়সা হতে সাতবাড়িয়া পর্যন্ত রাস্তাটি দ্রুত কাজ বাস্তবায়ন করা প্রয়োজন। চেয়ারম্যান, মঙ্গলকোট ইউনিয়ন পরিষদ জানান যে, বংশির বটতলা হতে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তাটি আশু সংস্কার/মেরামত করা প্রয়োজন। চেয়ারম্যান, সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ জানান যে, শ্রীরামপুর হতে চিংড়া বাজার পর্যন্ত রাস্তাটি অত্যন্ত নাজুক অবস্থায় চলাচলের অনুপোযোগী হয়ে আছে। রাস্তাটি জরুরি ভিত্তিতে মেরামত/সংস্কার করার জন্য সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা প্রকৌশলী জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা রয়েছে গ্রাম পর্যায়েও সকল রাস্তা পীচের হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করতে হবে। উপজেলার সকল ইউনিয়নে যে সকল রাস্তা সংস্কার/মেরামত করা প্রয়োজন তার তালিকা করত: বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পত্র প্রেরণ করতে হবে।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর।
	উপজেলা প্রকৌশলী জানান যে, কেশবপুর উপজেলার অনেক রাস্তা পাকা করণ করতে হবে। রাস্তার আইডি নং না থাকায় বরাদ্দ পাওয়া যায়না এবং উন্নয়ন কাজ বাস্তবায়ন সম্ভব হয়না। যাচাই বাছাইঅন্তে আওয়ালগাতি পাকার মাথা হতে জিয়েলতলা বাজারপর্যন্ত রাস্তাসহ সর্বমোট ১৮১ (একশত একাশি) টি রাস্তার আইডি নং, সড়কের শ্রেণী, রাস্তার পরিমাপসহ প্রস্তুত করা হয়েছে, যা তিনি সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উত্থাপিত রাস্তা ছাড়াও আরোও রাস্তা থাকলে সরেজমিন যাচাই বাছাই করে সকল রাস্তার আইডিভূক্ত করার বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত তালিকা "খ" দ্রষ্টব্য।	সংযুক্ত আইডিভূক্ত রাস্তার তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর
	চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান বিভিন্ন দপ্তর হতে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও বাসাবাড়িগুলো মেরামত ও সংস্কার করার জন্য প্রায়ই মৌখিক এবং লিখিতভাবে আবেদন জানানো হচ্ছে। সরেজমিন পরিদর্শন করে ১) উপজেলা মৎস্য অফিসসহ বিভিন্ন প্রশাসনিক ভবন মেরামত ও সংস্কার, ২) উপজেলা ডরমেটরী ভবনের উভয়তলা মেরামত ও সংস্কার, ৩) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের কার্যালয়ে আসবাবপত্র ক্রয়, ৪) উপজেলা পরিষদের অভ্যন্তরে পানি নিষ্কাশনে আরসিসি ড্রেণ নির্মাণ ৫) উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত পুকুরে সংস্কারসহ প্যালাসাইডিং করণ কাজের প্রাক্কলন আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	পার্শ্ববর্ণিত কাজের প্রাক্কলন আগামী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর
৭	মাধ্যমিক শিক্ষা বিভাগ: অনুপস্থিত		
৮	শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	দাপ্তরিক কাজ আরও বেগবান করতে হবে।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
৯	পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত। প্রাপ্ত কার্যাপত্র হতে জানা যায় যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আগস্ট/২২ মাসের প্রতিবেদনে জানা যায় মোট সক্ষম দম্পতি সংখ্যা ৫৯,৭৬২ জন। সর্বমোট পদ্ধতি গ্রহণকারী- ৪৮,১৮৫ জন। পদ্ধতি গ্রহণকারীরর হার- ৮০.৬৩%। পরিবার পরিকল্পনা পদ্ধতি ভিত্তিক বিভাজন: অস্থায়ী পদ্ধতি- খাবার বড়ি- ৩,২৫৩ চক্র, কনডম- ১৫,১৪০ পিস, ইনজেকটেবলস- ১,৬৭৩ ভায়াল। দীর্ঘ মেয়াদী পদ্ধতি: আইইউডি ০৩ জন, ইমপ্লান্ট ৫৭ জন। স্থায়ী পদ্ধতি: এনএসডি (পুরুষ)- ০ জন, টিউবেকটমী (মহিলা) ০৫ জন। মা ও শিশু স্বাস্থ্য সেবা: চলতি মাসে মোট গর্ভবতীর সংখ্যা- ৭৪৬ জন, মোট গর্ভবতীর সংখ্যা- ১,৬৯৬ জন। গর্ভবর্তীর মায়ের যত্ন- ৯৫৮ জন (৪-৯ মাসের মধ্যে), প্রসব (স্বাভাবিক- ৩৪ জন। জীবিত সন্তান জন্ম গ্রহণ করে ২৪৫ জন। প্রসবোত্তর যত্ন ৪১১ জন এবং বন্ধ্যা দম্পতির পরামর্শ প্রদান করা হয় ৪৭ জন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।		
১০	প্রকল্প বাস্তবায়ন বিভাগ: অনুপস্থিত		
১১	যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	দাপ্তরিক কাজ আরও বেগবান করতে হবে।	উপজেলা প্রকল্প যুব উন্নয়ন কর্মকর্তা
১২	উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প), বিআরডিবি: উপজেলা প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	দাপ্তরিক কাজ আরও	উপজেলা প্রকল্প

৫	মহিলা বিষয়ক কর্মকর্তা: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য মোট তহবিল ১০,৫২,৯৬৬.৫৮ টাকা, ক্রমপুঞ্জিত ৫৫,৭৯,৪০০.০০, উপকারভোগী ৫০০ জন, ক্রমপুঞ্জিত আদায় ৫১,৪৯,৭৯৩.০০ টাকা, অনাদায়ী ৬,৭৪,৯৩০.০০ টাকা, ব্যাংক স্থিতি ৬,৯১,০১৯.২৬ টাকা। ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় মহিলাদের সম্পৃক্ত করণের লক্ষ্যে ঘূর্ণায়মান ঋণের মোট তহবিল ৭০,১০০.০০ টাকা, ক্রমপুঞ্জিত ২,৫৭,০০০.০০, উপকারভোগী ৬৯ জন, ক্রমপুঞ্জিত আদায় ২,৪১,৩৩৯.০০ টাকা, অনাদায়ী ৩৭,৫৯৬.০০ টাকা, ব্যাংক স্থিতি ১,০৭,১৩৫.৩৪ টাকা। ভিজিডির ২০২১-২০২২ চক্রের ২৫৮৩ উপকার ভোগীর খাদ্য শস্য বিতরণ, ১৪৯৬ জন দারিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা, ৪৫০ জন কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা কার্যক্রম অব্যাহত আছে। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ৩ মাস ব্যাপী ৩০ জন দর্জি প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ও উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ প্রকল্পের ২টি ট্রেডে ২৫ জন + ২৫ জন= ৫০ জন মহিলাকে বিউটিফিকেশন ও ব্লকবাটিক বিষয়ে প্রশিক্ষণ সরকারি নির্দেশনা মেনে চলমান আছে। যৌতুক, নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ প্রতিরোধ কার্যক্রম যথাযথভাবে চলছে। প্রতিমাসে উঠান বৈঠক ও আলোচনা সভার মাধ্যমে বাল্য বিবাহের কুফল, যৌতুক নিরোধ, নারী ও শিশু পাচার প্রতিরোধ, মাদক ও ইভটিজিং সম্পর্কে আলোচনা সভা কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে পরিচালতি হচ্ছে। কেশবপুর উপজেলার ১টি পৌরসভা ও ১১টি ইউনিয়নে প্রতিষ্ঠিত ১২ কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে পরিচালতি হচ্ছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১৬	জনস্বাস্থ্য বিভাগ: উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান গত অর্থ বছরের কাজ প্রায় শেষ পর্যায়ে। এ অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক বিভাজনপূর্বক পরবর্তীতে অবগত করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	নীতিমালা অনুযায়ী সকল কাজ বাস্তবায়ন করতে হবে।	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৭	পল্লী সঞ্চয় ব্যাংক: শাখা ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কেশবপুর, যশোর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল ঋণদান কার্যক্রম চালাতে হবে।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক
১৮	বন বিভাগ: অনুপস্থিত		
১৯	বিদ্যুৎ বিভাগ: অনুপস্থিত		
২০	পানি উন্নয়ন বোর্ড: উপ-বিভাগীয় প্রকৌশলী (পাউবো) জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান খাল পুন:খননের জন্য বর্তমানে কোন বরাদ্দ নেই। বরাদ্দ চাওয়া হয়েছে প্রাপ্তি সাপেক্ষে কাজ বাস্তবায়ন করা হবে। চেয়ারম্যান, গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ জানান যে, বর্তমানে ভদ্রা নদীর স্রোত ভালো। নদীর দুইপাড়ে ভাঙ্গন দেখা দিচ্ছে। ভাঙ্গনরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কাজ আরো বেগবান করতে হবে।	উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো
২১	নির্বাচন অফিস: অনুপস্থিত		
২২	ইউডিএফ: অনুপস্থিত		
২৩	তথ্য আপা: অনুপস্থিত		

উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ বিভাগের আলোচনা ও সিদ্ধান্ত:

ক্রম.	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	মেয়র, কেশবপুর পৌরসভার: অনুপস্থিত		
২	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	উপজেলা ভাইস চেয়ারম্যান
৩	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
৪	চেয়ারম্যান, ১নং ত্রিমোহিনী ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ১ নং ত্রিমোহিনী ইউপি
৫	চেয়ারম্যান, ২নং সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ২ নং সাগরদাঁড়ী ইউপি
৬	চেয়ারম্যান, ৩নং মজিদপুর ইউনিয়ন পরিষদ: অনুপস্থিত।		
৭	চেয়ারম্যান, ৪নং বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৪ নং বিদ্যানন্দকাটি ইউপি
৮	চেয়ারম্যান, ৫নং মঙ্গলকোট ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল	চেয়ারম্যান, ৫ নং

৯	চেয়ারম্যান, ৬নং কেশবপুর ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৬ নং কেশবপুর ইউপি
১০	চেয়ারম্যান, ৭নং পাঁজিয়া ইউনিয়ন পরিষদ: অনুপস্থিত		
১১	চেয়ারম্যান, ৮নং সুফলাকাটি ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৮ নং সুফলাকাটি ইউপি
১২	চেয়ারম্যান, ৯নং গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ৯ নং গৌরিঘোনা ইউপি
১৩	চেয়ারম্যান, ১০নং সাতবাড়ীয়া ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ১০ নং সাতবাড়িয়া ইউপি
১৪	চেয়ারম্যান, ১১নং হাসানপুর ইউনিয়ন পরিষদ: চেয়ারম্যান, হাসানপুর ইউনিয়ন পরিষদ জানান যে, জানান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে।	চেয়ারম্যান, ১১ নং হাসানপুর ইউপি

আলোচ্য সূচি-৪: রাজস্ব তহবিলের বিভিন্ন নিয়মিত ব্যয় সংক্রান্ত আলোচনা:

১	রাজস্ব তহবিল: ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোরের আগস্ট/২২ মাসের ভ্রমণ ব্যয়- ৫,০০০.০০ টাকা, ২) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোরের আগস্ট/২২ মাসের ভ্রমণ ব্যয়- ৪,০০০.০০ টাকা, ৩) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোরের আগস্ট/২২ মাসের ভ্রমণ ব্যয়- ৪,০০০.০০ টাকা। মাসিক সাধারণ সভাসহ অন্যান্য সভা, চেয়ারম্যান কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাইস চেয়ারম্যানদ্বয়ের দপ্তরের সেপ্টেম্বর/২২ মাসের মাসিক নিয়মিত আনুষঙ্গিক ও আপ্যায়ণ ব্যয় পরিশোধ করতে হবে। সহকারী প্রোগ্রামার কর্তৃক সুগন্ধা বাসায় নতুন উঠায় টুকিটাকি মেরামত ব্যয় বাবদ- ৫০৮৯.০০ টাকা ব্যয়, গেজেটেড কোয়ার্টার (শাপলা), সহকারি কমিশনার (ভূমি) কর্তৃক মজুরীসহ নতুন কমোড স্থাপন বাবদ ব্যয়- ১৩৭২০.০০ টাকা, উপজেলা পরিষদে কর্মরত মালী ও পরিচ্ছন্নতা কর্মী আগস্ট/২২ মাসে ১৬,৫০০.০০ টাকা হারে মজুরী অনুমোদন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিধি মোতাবেক রাজস্ব তহবিল থেকে ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
২	উপজেলা প্রকৌশলী জানান যে, ১) কেশবপুর উপজেলা পরিষদের ডরমেটরী ভবনের পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ- ৮,১১,২২৩.৬৮ টাকা, ২) উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষটি ইন্টিরিয়র কাজ- ৫,৭৪,৭৯২.৯৬ টাকা, ৩) উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের সামনের বাউন্ডারীতে আরসিসি কাজ- ৮,৪২,৪০৩.৪৭ টাকা, ৪) উপজেলা পরিষদে স্থাপিত সৌর বিদ্যুৎ প্যানেলের মেরামতসহ ব্যাটারী ক্রয়- ১,৮০,০০০.০০ টাকাসহ সর্বমোট=২৪,০৮,৪২০.০০ (চব্বিশ লক্ষ আট হাজার চারশত বিশ) টাকার প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, যশোর মহোদয়ের কারিগরি প্রতিবেদনসহ সভায় উপস্থাপন করেন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্পগুলো বাস্তবায়ন হবে। উপস্থিত সকল সদস্য জানান উল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার জানান উল্লিখিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার অনুমোদনপর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছিল। কারিগরি প্রতিবেদনসহ অন্যান্য ত্রুটির কারণে ০৭/০৭/২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৪৯.১৬-৪৪৮ নং স্মারকে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে পত্র পাওয়া যায়। তিনি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পুনরায় প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নিজস্ব অর্থায়নে পার্শ্ববর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নে চূড়ান্ত অনুমোদনের জন্য স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর

আলোচ্য সূচি-৫: বিবিধ:

১	বার্ষিক উন্নয়ন পরিকল্পনা: উপজেলা নির্বাহী অফিসার জনান যে, উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে নির্দেশনা রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ১,৮২,০০,০০০.০০ টাকা উন্নয়ন ব্যয় ধরে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরী করা হয়েছে। অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রস্তাবিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা অনুমোদনের বিষয়ে একমত পোষণ করেন।	২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার কেশবপুর, যশোর।

অত:পর, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে দীর্ঘায়ু কামনা ও ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

(কাজী রফিকুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

স্মারক নং- ০৫.৪৪.৪১৩৮.০০০.০৩.০২৬.২২- ১৩৭৮ (৬০)

তারিখ: ৩১ ভাদ্র, ১৪২৯ / ১৫ সেপ্টেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯০-যশোর-০৬
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
০৫। জেলা প্রশাসক, যশোর।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
০৮। .....
০৯। অফিস কপি।

(এম.এম. আরাফাত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কেশবপুর, যশোর।
unokeshabpur@mopa.gov.bd

উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা:
মাসের নাম: সেপ্টেম্বর/২০২২

উপস্থিত সদস্যবৃন্দ	অনুপস্থিত সদস্যবৃন্দ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর,যশোর।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর
উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর,যশোর।	ফরেস্টার, সামাজিক বন বিভাগ, কেশবপুর, যশোর
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর	মেয়র, কেশবপুর পৌরসভা, কেশবপুর, যশোর
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর	চেয়ারম্যান, মজিদপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর
চেয়ারম্যান, ত্রিমোহিনী ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	চেয়ারম্যান, পাঁজিয়া ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর
চেয়ারম্যান, সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কেশবপুর, যশোর
চেয়ারম্যান, বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর
চেয়ারম্যান, মঞ্জালকোট ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর
চেয়ারম্যান, কেশবপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	উপজেলা সমবায় কর্মকর্তা, কেশবপুর, যশোর
চেয়ারম্যান, সুফলাকাটি ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, কেশবপুর, যশোর
চেয়ারম্যান, গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
চেয়ারম্যান, হাসানপুর ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর	
উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা কৃষি কর্মকর্তা, কেশবপুর, যশোর	
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর	
উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা শিক্ষা কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা প্রকল্প কর্মকর্তা(পজীপ), কেশবপুর, যশোর	
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেশবপুর, যশোর	
উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কেশবপুর, যশোর	
ব্যাবস্থাপক, আমার বাড়ি আমার খামার, কেশবপুর, যশোর	